দৈনিক ইত্তেফাক

তারিখ ... 19 MAY 1994
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৫ ...

74

## ডিগ্রী পরীক্ষার খাতা বদল ।। ৪ জন বরখাস্ত

চট্টগ্রাম অফিস ।। ডিগ্রী পরীক্ষার খাতা বদল ও অনিয়মের মাধ্যমে কতিপয় ছাত্র-ছাত্রীকে উত্তীর্ণ করানোর অভিযোগে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ডেপুটি কন্ট্রোলারসহ পরীক্ষা

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## ডিগ্রী পরীক্ষার খাতা

( ১ম পৃঃ পর )

নিয়ন্ত্রক দফতরের ৪ জন কর্মকর্তা কর্মচারীকে সাময়িকভাবে বরখাস্ত করা হইয়াছে। গত মঙ্গলবার ভিসি আর আই চৌধুরীর সভাপতিত্বে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা শৃংখলা কমিটির এক সভায় সর্বসম্মতভাবে এই সিদ্ধান্ত নেওয়া হয়।

জানা যায়, ১৯৯২ সালে ডিগ্রী (পাস) পরীক্ষার নকল এবং অন্যান্য অভিযোগে অভিযুক্ত ৫ জন পরীক্ষার্থীর খাতা পরীক্ষা নিয়ন্ত্রক দফতরের কয়েকজন কর্মচারীর যোগসাজশে খাতার পৃষ্ঠা বদল এবং নম্বর বদলাইয়া পাস ঘোষণার ব্যবস্থা করে। ইহাদের মধ্যে ২ জন ছাত্রী পরীক্ষা নিয়ন্ত্রক দফতরের ২ জন কর্মচারীর স্ত্রী। সাময়িকভাবে বরখাস্তকৃত অভিযুক্ত কর্মকর্তা কর্মচারীরা হইতেছে, ডেপুটি কন্ট্রোলার হাবিবুর রহমান, ক্লার্ক শফিকুর রহমান, সেকশন অফিসার নাসির উদ্দিন ও উর্ধতন সহকারী খবির উদ্দিন। শেষোক্ত ২ জন পরস্পরের ভায়রা এবং তাহাদের ২ জনের স্ত্রীর খাতার পৃষ্ঠা বদল করার ঘটনা প্রাথমিক তদন্তে প্রমাণিত হয়। আরো উচ্চ পর্যায়ের কমিটি গঠনের মাধ্যমে তদন্তের বিষয়ে পর্যালোচনা চলিতেছে।